



মোঃ মাকরুজ্জামান  
জনসংযোগ কর্মকর্তা  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট-৯৩৫১  
ওয়েব সাইট : [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)  
ফেইজবুক পেজঃ  
মোংলা বন্দর সংবাদ "Mongla Port News"  
ইমেইল : [prompa6@gmail.com](mailto:prompa6@gmail.com)  
মোবাইল নম্বর : 01740-625740

## প্রেস রিলিজ

### মোংলা বন্দর চ্যানেলে দেশী/বিদেশী জলযান চলাচল প্রসঙ্গে ।

গত ০৯ এপ্রিল ২০১৯ইং তারিখ আনুমানিক ১৯:৪৫ ঘটিকায় কাল বৈশাখী ঝড়ের কবলে পড়ে এম এল আকতার ও বার্জ হারদা জলযান মবক'র পশুর চ্যানেলে (বন্দর জেটি থেকে ৮ নটিক্যাল মাইল দূরে) বেইসক্রিকের সগির খালের দক্ষিণ এলাকায় ডুবে যায় । মোংলা বন্দর কর্তৃপক্ষ পক্ষ থেকে ঐদিন ভোর থেকে ঘটনা স্থলে মোংলা বন্দরের সার্ভে টীম, নৌ-বাহিনী, কনজারভেন্সী ও স্যালভেজ টীম সম্মিলিতভাবে ডুবে যাওয়া জলযানের অবস্থান চিহ্নিত করণে অনুসন্ধান শুরু করে । ডুবে যাওয়া জলযান এম এল আকতারের ডুবে যাওয়া স্থানটি তাৎক্ষণিকভাবে চিহ্নিত হলেও ডুবে যাওয়া বার্জটি চিহ্নিত হয় বিকাল ৪.৩০ মিনিটে । বর্তমানে এম এল আকতার (২২° ১৯.৩৭' উত্তর - ০৮৯° ৩৭.৭৫' পূর্ব) এবং বার্জ হারদা ( ২১° ২০.২৮' উত্তর - ০৮৯° ৩৭.৮৬' পূর্ব) অবস্থান করছে । উক্ত পজিশন সমূহ মোংলা বন্দরের বয়া দ্বারা মার্কিং করা হয়েছে । চ্যানেলে জাহাজ আগমন/নির্গমনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করে সকল প্রকার দেশী/বিদেশী জলযান চলাচলের জন্য অনুরোধ করা হচ্ছে ।

জনসংযোগ কর্মকর্তা